গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর।
www.fulbari.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.৪৬.০০৫.২০২৬-

তারিখ- ০১ চৈত্র ১৪৩২ / ১৫ মার্চ ২০২৬

# ১৪৩৩ বাংলা সনের ফুলবাড়ী উপজেলা পরিষদের অধিক্ষেত্রের অধীন হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি (৪র্থ বার)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে দিনাজপুর জেলাধীন ফুলবাড়ী উপজেলা পরিষদের অধিক্ষেত্রের অধীন নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ প্রচলিত বিধি ও শর্ত মোতাবেক বাংলা ১৪৩৩ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদি ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী জনসাধারণ ও হাট-বাজার ব্যবসায়ীগণের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে।

**হাট-বাজারের সরকারি মূল্য এবং দরপত্র মূল্য নিম্নরূপ :**

| ক্রম | হাট-বাজারের নাম ও ইউনিয়ন | ১৪৩৩ সনের সম্ভাব্য ইজারা মূল্য | প্রতিসেট দরপত্রের মূল্য |
|---|---|---|---|
| ১ | ক) আমডুঙ্গি হাট, শিবনগর ইউপি | ২,৯১,১৮৫/- | ১,২০০/- |
| ২ | খ) আটপুকুর হাট, কাজিহাল ইউপি | ২২,৮৬,৬১৫/- | ৫,২০০/- |
| ৩ | গ) আটপুকুর বাজার, কাজিহাল ইউপি | ৯,৫১,৬৩০/- | ২,৬০০/- |
| ৪ | ঘ) রুদ্রানী হাট ও বাজার, কাজিহাল ইউপি | ১,০২,১৬৭/- | ১,০০০/- |
| ৫ | ঙ) খয়েরবাড়ী হাট ও বাজার, খয়েরবাড়ী ইউপি | ১৯৪,৩৪৭/- | ১,০০০/- |

**দরপত্র ক্রয়ের স্থান :**

দরপত্র ফরম অফিস চলাকালীন (ক) জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর, (খ) পুলিশ সুপারের কার্যালয়, দিনাজপুর, (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর (ঘ) সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ী, দিনাজপুর, (ঙ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর, (চ) ফুলবাড়ী থানা (পুলিশ স্টেশন) এবং (ছ) সোনালী ব্যাংক পিএলসি, ফুলবাড়ী শাখা, ফুলবাড়ী, দিনাজপুরে পাওয়া যাবে।

**দরপত্র জমা দেয়ার স্থান :**

নির্ধারিত মূল্যে দরপত্র (অফেরৎযোগ্য) সংগ্রহ করে নিম্নোক্ত তারিখে (ক) জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর, (খ) পুলিশ সুপারের কার্যালয়, দিনাজপুর, (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর ও (ঘ) সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ী, দিনাজপুর এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে গৃহীত হবে। প্রাপ্ত দরপত্রসমূহ একই দিবসে ও নির্দিষ্ট সময়ে দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) খোলা হবে। হাট-বাজার ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে জানা যাবে।

**দরপত্র ক্রয় ও দাখিল/খোলার তারিখ ও সময় :**

| ইজারা প্রদানের স্তর ও সময় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ, শেষ সময় ও স্থান | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ৪র্থ বার | ০১/০৪/২০২৬ তারিখ বিকাল ৫ ঘটিকা পর্যন্ত। | ০২/০৪/২০২৬ খ্রিঃ বেলা ৯ ঘটিকা হতে ১ ঘটিকা পর্যন্ত | ০২/০৪/২০২৬ খ্রিঃ বেলা-৩:০০ ঘটিকায় |

**ইজারার শর্তাবলীঃ**

০১। বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০ চৈত্র ০১ (এক) বছর মেয়াদে ইজারা দেয়া হবে। সরকারি হাট-বাজারের ইজারা প্রদানের জন্য সকল ক্ষেত্রে বন্ধ খামে দরপত্র দাখিল করতে হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যে ৩০% অর্থ জামানত হিসাবে যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পেঅর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুরের অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে জামানতের অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩। সর্বোচ্চ দরদাতার দর অনুমোদনের পর পত্র যোগে অবহিত করা হবে। উক্ত পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৮০% অর্থ এবং ১০% আয়কর ও ১৫% ভ্যাট অবশ্যই নির্দিষ্ট অর্থনৈতিক কোডে পরিশোধ করে চালান জমা দিতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে তবে উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের নিম্নে হয় তা বিবেচিত হবে না এবং পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে বিবেচিত হবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র শিডিউল বিক্রয় করা যাবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট ইজারা বা বন্দোবস্ত (সাব-লীজ) দিতে পারবে না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে

১২। হাট-বাজারের ইজারাদার নিজ দায়িত্বে হাট-বাজার নিয়মিত ভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন

১৪। দরপত্রে কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা প্রয়োজনীয় ক্ষেত্রে সরকারি দাবী আদায় আইন, ২০১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে

১৭। চুক্তি পত্রের কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা হবে

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। এতদ্ব্যতীত সরকার কর্তৃক জারিকৃত বিভিন্ন সময়ে আইন ও বিধি দ্বারা আরোপিত সকল প্রকারের কর পরিশোধযোগ্য হবে।

(আহমেদ হাছান)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।
ফোঃ- ০২৫৮৮৫৫৮৪২৪
fulbariuno@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর।
www.fulbari.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.৪৬.০০৫.২০২৬-৬১০

তারিখ- ০১ চৈত্র ১৪৩২ / ১৫ মার্চ ২০২৬

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তি নয়)**

১ সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২ কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩ পরিচালক, স্থানীয় সরকার, কমিশনারের কার্যালয়, রংপুর।
৪ জেলা প্রশাসক, দিনাজপুর।
৫ পুলিশ সুপার, দিনাজপুর।
৬ উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৭ প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
৮ উপজেলা নির্বাহী অফিসার ......................................(সকল) দিনাজপুর। (তাকে বিষয়টি বহুল প্রচারের নিমিত্ত ১ কপি প্রেরণ করা হলো।)
৯ প্রশাসক, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর।
১০ সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ী, দিনাজপুর। (তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ তার দপ্তরের নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য অনুরোধ করা হলো।)
১১ উপজেলা ...................................................... কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর।
১২ অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর।
১৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, ফুলবাড়ী শাখা, ফুলবাড়ী, দিনাজপুর।
১৪ সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ফুলবাড়ী, দিনাজপুর। (তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবপোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।)
১৫। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, ........................................ (সকল) ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। (তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ তার দপ্তরের নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য অনুরোধ করা হলো।)
১৬। ইউনিয়ন ভূমি সহঃ কর্মকর্তা, ................................ ইউনিয়ন, ফুলবাড়ী, দিনাজপুর। (উক্ত বিজ্ঞপ্তিটি তার আওতাধীন হাট-বাজারে ঢোল শহরত ও মাইকিং এর মাধ্যমে বহুল প্রচার অন্তে প্রতিবেদন যথাসময়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
১৭ ইমাম ........ ...... ........... ................................................ ... .................... ফুলবাড়ী, দিনাজপুর

উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।